আমার দেশ
রোববার ■ ৮ নভেম্বর ২০২৬ ■ ২৩ কার্তিক ১৪৩৩

North South University Library ★1992★

কিউএস এশিয়া র‍্যাংকিংয়ে এনএসইউর সাফল্য

যুক্তরাজ্যভিত্তিক আন্তর্জাতিক শিক্ষা ও গবেষণা সংস্থা কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস) ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিংস : এশিয়া ২০২৭-এ বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম স্থান ধরে রেখেছে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)। এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ১৪৯তম স্থান অর্জনের পাশাপাশি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় মিলিয়ে দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে দ্বিতীয় অবস্থানও ধরে রেখেছে বিশ্ববিদ্যালয়টি।

এ বছরের র‍্যাংকিংয়ে এশিয়ার ১,৫০০টিরও বেশি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে, যার মধ্যে বাংলাদেশের ৫২টি বিশ্ববিদ্যালয় রয়েছে। এশিয়ার শীর্ষ ১৫০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় এনএসইউর অবস্থান ধরে রাখা বিশ্ববিদ্যালয়টির অগ্রগতি এবং শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে ধারাবাহিক প্রচেষ্টার প্রতিফলন।

অন্যদিকে, কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিংস : সাউদার্ন এশিয়া ২০২৭-এ এনএসইউ ১৮তম স্থান অর্জন করেছে। এ অর্জনের মধ্য দিয়ে দক্ষিণ এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নিজেদের অবস্থানও ধরে রেখেছে এনএসইউ।

উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী বলেন, এনএসইউর ধারাবাহিক এই সাফল্যে আমরা আনন্দিত ও গর্বিত। এ অর্জন ট্রাস্টি বোর্ড থেকে শুরু করে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও সাবেক শিক্ষার্থীদের সম্মিলিত প্রচেষ্টার প্রতিফলন।

গত মঙ্গলবার প্রকাশিত এ র‍্যাংকিংয়ে এশিয়ার সেরা বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে বাংলাদেশের মোট ৫২টি সরকারি, বেসরকারি ও আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। এর মধ্যে রয়েছে ২৭টি সরকারি, ২৩টি বেসরকারি এবং ২টি আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়। উচ্চশিক্ষার বৈশ্বিক এই মূল্যায়নে দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে এনএসইউ নিজেদের প্রথম অবস্থান ধরে রেখেছে।
-বিজ্ঞপ্তি